

539/Beng.(C)N.S

UG/5th Sem/BNGH-DSE-T-1/25

২০২৫

বাংলা

(অনার্স)

ডিসিপ্লিন স্পেশিফিক ইলেকটিভ (DSE)

পঞ্চম সেমেস্টার

কোর্স কোড : BNGH-DSE-T-1

(কাব্যতত্ত্ব, সাহিত্যতত্ত্ব, সাহিত্য সমালোচনা)

[CBCS]

[নতুন পাঠক্রম]

পূর্ণমান : ৬০

সময় : ২.৩০ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যা প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় হওয়া বাঞ্ছনীয়।

- ১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও : $2 \times 10 = 20$
- ক) 'কাব্যজিজ্ঞাসা' গ্রন্থটির রচয়িতা কে? এটি কোন পত্রিকায় কত খ্রিষ্টাব্দে প্রথম প্রকাশিত হয়?
- খ) ক্লাসিক সাহিত্যের জন্ম কোথায় হয়? পৃথিবীর শ্রেষ্ঠ ক্লাসিক কাব্যের নাম লেখো।
- গ) ভারতীয় কাব্যতত্ত্বের আদিগুরু কে? তাঁর লেখা বিখ্যাত গ্রন্থটির নাম লেখো।
- ঘ) অসুস্থ রোমান্টিকতা বলতে কী বোঝো? বাংলা সাহিত্যে এর নিদর্শন আছে কি?

[পরপৃষ্ঠায়]

- ঙ) বাংলা সাহিত্যে ন্যাচারালিজম ভাবনার দুজন লেখকের নাম তাঁদের রচনাসহ উল্লেখ করো।
- চ) কাব্যপাঠে যিনি চতুর্থবর্গ ফলপ্রাপ্তির কথা বলেছেন তাঁর নাম কী? তাঁর লেখা বিখ্যাত গ্রন্থটির নাম উল্লেখ করো।
- ছ) প্রাবন্ধিক আবু সয়ীদ আইয়ুব কি রবীন্দ্রনাথ সম্পর্কে বুদ্ধদেব বসুর ভাবনাকে সমর্থন করেছেন? দুটি বাক্যে লেখো।
- জ) রাজার সর্দারেরা তাকে যক্ষপুরীর প্রাচীরের মধ্যে ধরে আনলো — কাকে, কেন ধরে এনেছিল সর্দারেরা?
- ঝ) সাহিত্যের সত্য কেন চিরকালীন সত্য?
- ঞ) অনুভাব কাকে বলে লেখো।
- ট) 'রস' কয় প্রকার ও কী কী? এর মধ্যে আদিরস কোনটি?
- ঠ) আধুনিক বাংলা সাহিত্যে রোমান্টিসিজমের পরিচয় প্রথম কোন কবির কোন কাব্যের মাধ্যমে পাওয়া যায়?
- ড) রবীন্দ্রকাব্যে 'sense of evil'-এর বাংলা আবু সয়ীদ আইয়ুব কী করেছেন? মূল প্রবন্ধটির নাম লেখো।
- ঢ) 'বক্রোক্তিবাদে'র প্রতিষ্ঠাতা কে? তিনি কোন গ্রন্থে বক্রোক্তি নিয়ে আলোচনা করেছেন?
- ণ) প্রাবন্ধিক বঙ্কিমচন্দ্র "বিদ্যাপতি ও জয়দেব" প্রবন্ধে জয়দেব ও Wordsworth এর মধ্যে কী পার্থক্য দেখিয়েছেন?
- ২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : $৫ \times ৪ = ২০$
- ক) ক্লাসিসিজমের ষষ্ঠ লক্ষণ— লেখকের ধীরস্থির প্রশান্ত দৃষ্টি — আলোচনা করো।
- খ) কোন কোন কবিওয়ালার রচনা গীতিকবিতা হিসেবে অতি সুন্দর বলে মনে করেন প্রাবন্ধিক বঙ্কিমচন্দ্র? মূল প্রবন্ধ অবলম্বনে সংক্ষেপে আলোচনা করো।

- গ) 'রীতিবাদে'র জনক কে? রীতিবাদ সম্পর্কে তাঁর ধারণার সংক্ষিপ্ত পরিচয় দাও।
- ঘ) "কিন্তু ভালোবাসার রকমফের থাকে। এদের ভালোবাসারও ছিল"— উৎস নির্দেশপূর্বক আলোচনা করো।।
- ঙ) "কাব্যং গ্রাহ্যমলংকারাং" কাব্য যে মানুষের উপাদেয় সে এই অলংকারের জন্য— আলোচনা করো।
- চ) "নন্দিনী ভালোবাসে প্রাণের রং" — আলোচনা করো।
- ৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : $১০ \times ২ = ২০$
- ক) সাহিত্যে রিয়ালিজম ও ন্যাচারালিজমের মধ্যে যে প্রভেদ আছে তা উদাহরণসহ আলোচনা করো।
- খ) 'বঙ্গীয় গীতিকাব্য লেখকদিগকে দুই দলে বিভক্ত করা যাইতে পারে'— 'বিদ্যাপতি ও জয়দেব' প্রবন্ধে বঙ্কিমচন্দ্রের মন্তব্যের তাৎপর্য বিশ্লেষণ করো।
- গ) রোমান্টিসিজমের বৈশিষ্ট্য বা লক্ষণ সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।
- ঘ) "কাব্যের আত্মা যা-ই হোক, ওর শরীর হচ্ছে বাক্য— অর্থযুক্ত পদসমুচ্চয়।"— আলোচনা করো।